তারিখ 12 NOV 2016
পৃষ্ঠা ... কলাম ...

সংবাদ

# বিয়ানীবাজারে নিজভূমে মানুষের ভালোবাসায় সিক্ত শিক্ষামন্ত্রী

**প্রতিনিধি, বিয়ানীবাজার (সিলেট)**

গণমানুষের ভালোবাসা আর ফুলেল শুভেচ্ছায় বিয়ানীবাজারে নিজভূমে সিক্ত হলেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। এশিয়ার প্রাচীন রাজনৈতিক সংগঠন আওয়ামী লীগের সভাপতি মণ্ডলির সদস্য নির্বাচিত হওয়ায় তার সম্মানে বিয়ানীবাজারে আয়োজিত গণসমাবেশে তিনি এ বিরল সম্মাননা ও ভালোবাসায় অভিসিক্ত হন। বৃহস্পতিবার বিকেল ৩টায় উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে পৌরশহরের উত্তরবাজারে মুক্তিযোদ্ধা সংসদ প্রাঙ্গণে আয়োজিত গণ-সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি। এতে সভাপতিত্ব করেন উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবদুল হাসিব মনিয়া। আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য হওয়া গৌরব ও সম্মানের উল্লেখ করে আবেগাপ্লুত কণ্ঠে শিক্ষামন্ত্রী বলেন- এ অর্জন বিয়ানীবাজার-গোলাপগঞ্জ তথা গোটা সিলেটবাসীর। তাদের স্নেহ, ভালোবাসা ও সহযোগিতায় আজকে এতদূর আসতে পেরেছি। এখানকার আলো-বাতাসে বেড়ে ওঠা এই আমি বিয়ানীবাজার তথা এতদঞ্চলের মানুষের কাছে কৃতজ্ঞ। জন্ম মাটির সর্বস্তরের মানুষের অকুণ্ঠ বিশ্বাস, ভালোবাসা এবং সমর্থন আমার আগামীর পাথেয় হয়ে থাকবে। তিনি বলেন, বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলাদেশ গড়তে বর্তমান সরকার বদ্ধপরিকর; বিশ্বের কাছে বাংলাদেশ এখন রোল মডেল। শিক্ষা, অর্থনীতি ও যোগাযোগ ব্যবস্থাসহ দেশের সামগ্রিক উন্নয়নের অগ্রযাত্রায় সরকার দৃষ্টান্ত স্থাপন করেছে। এ অগ্রযাত্রার মূল কারিগর এদেশের ১৬ কোটি মানুষ। শিক্ষামন্ত্রী বলেন, জনসংখ্যাকে অভিশাপ নয়, সম্পদে পরিণত করেছেন জাতির জনকের কন্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা নিরলসভাবে কাজ করে যাচ্ছেন। তার বলিষ্ঠ নেতৃত্বে দেশ এখন নিম্নমধ্যম আয়ের দেশে উন্নীত হয়েছে এবং আগামী ২০২১ সালের আগেই আমরা মধ্যম আয়ের দেশে উন্নীত হবো।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন সিলেট জেলা আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক এড. নাসির উদ্দিন খান, উপজেলা আওয়ামী লীগের সহ-সভাপতি ময়নুল ইসলাম, মুক্তিযোদ্ধা আবদুল আহাদ কলা, শামস উদ্দিন খান, যুগ্ম সাধারণ সম্পাদক সামসুদ্দিন মাখন প্রমুখ। উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা আতাউর রহমান খানের সঞ্চালনায় সভায় স্বাগত বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রীর একান্ত সহকারী সচিব দেওয়ান মাকসুদুল ইসলাম আউয়াল।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সিলেট জেলা আওয়ামী লীগের সদস্য শাহরিয়ার কবির সেলিম, উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ কমান্ডার আবদুল কাদির, চারখাই ইউপি চেয়ারম্যান মাহমদ আলী, উপজেলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আহমদ হোসেন বাবুল ও জাকির হোসেন, অধ্যাপক আবদুল খালিক, যুক্তরাজ্য প্রবাসী আবদুস শুক্কুর, প্রচার সম্পাদক হারুনুর রশিদ দিপু, সহ দপ্তর সম্পাদক দেওয়ান মাকসুদুল আউয়াল, কেন্দ্রীয় যুবলীগের সদস্য অ্যাড. আব্বাস উদ্দিন, পৌরসভা আওয়ামী লীগের এবাদ আহমদ প্রমুখ। প্রসঙ্গত, সিলেট-৬ (বিয়ানীবাজার-গোলাপগঞ্জ) আসন থেকে ৩ বারের নির্বাচিত সংসদ সদস্য শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এর আগে আ'লীগের শিক্ষা ও মানবসম্পদ বিষয়ক সম্পাদকের দায়িত্ব পালন করেন। ইতোমধ্যে তিনি ইউনেস্কোর ভাইস প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। রাজনীতির পাশাপাশি তিনি লেখালেখির সঙ্গে জড়িত রয়েছেন।



*সিলেট বিয়ানীবাজারে জনসভায় বক্তৃতা করছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ* -সংবাদ